দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 FEB 2010
পৃষ্ঠা ১ কলাম ৭

# কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ৯০ ভাগ শিক্ষার্থীর আবাসিক সুবিধা নেই

■ নিজামুল হক

দেশের সরকারি বিশ্ববিদ্যালয় ও কলেজে সব মিলিয়ে শতকরা মাত্র ১০ ভাগ শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে। বাকি ৯০ ভাগ শিক্ষার্থী বাসায় বা মেসে ভাড়া থাকছে। অনেকে বাধ্য হয়ে হলে একটি কক্ষে গাদাগাদি করে থাকছে। ফলে শিক্ষার্থীরা শিক্ষার উপযুক্ত পরিবেশ পাচ্ছে না। আবাসিক সুবিধা না পেয়ে শিক্ষার্থীদের নানা দুর্ভোগ পোহাতে হচ্ছে।

জাতীয় ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ দেশের ২৯টি সরকারি বিশ্ববিদ্যালয়ে মোট শিক্ষার্থী ১১ লাখ ৭৬ হাজার ৯৬৯ জন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন তাদের সর্বশেষ প্রকাশিত রিপোর্টে উল্লেখ করেছে, এসব বিশ্ববিদ্যালয়ের ৬ হাজার শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে দেশের একমাত্র পূর্ণাঙ্গ আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে দাবি করা হলেও এ বিশ্ববিদ্যালয়ের প্রায় ২০ ভাগ শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে না। বিশ্ববিদ্যালয়ের ১১টি হলে ৮ হাজার ৩৮৭ জন শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে। এর মধ্যে ৫ হাজার ৫৫৮ জন ছাত্র এবং ২ হাজার ৮২৯ জন ছাত্রী।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ কলেজগুলোর কত শতাংশ শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে তার প্রকৃত কোন তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে না থাকলেও সংশ্লিষ্টরা জানিয়েছেন, এ সংখ্যা ৫ শতাংশের বেশি নয়। বেশিরভাগ বেসরকারি কলেজে কোন আবাসিক সুবিধা নেই। প্রায় প্রতিটি সরকারি কলেজে আবাসিক হল থাকলেও এসব হলের আসন সংখ্যা শিক্ষার্থীর তুলনায় খুবই কম। সরকারি কলেজ বরিশাল বিএম কলেজে ২০ হাজারের বেশি ছাত্র-ছাত্রী রয়েছে। কলেজে আবাসিক হল রয়েছে ৪টি। এসব হলে ১২শ' ছাত্র-ছাত্রীর থাকার ব্যবস্থা রয়েছে। গাদাগাদি করে এসব হোস্টেলে বর্তমানে থাকছে ১৮শ' জন। দেশের প্রতিটি সরকারি কলেজের অবস্থা একই। সংশ্লিষ্টরা বলেছেন, সরকারি-বেসরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়ের মাত্র ১০ ভাগ শিক্ষার্থী আবাসিক সুযোগ পাচ্ছে।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের রিপোর্ট অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থী রয়েছে ২৮ হাজার ৭৭২ জন। এর মধ্যে বিশ্ববিদ্যালয়ের ১৯টি হলে ১১ হাজার ৮৫৫ জন ছাত্র এবং ৪ হাজার ৮১২ জন ছাত্রীসহ হলে থাকার সুযোগ পাচ্ছে ১৬ হাজার ৬৬৭ জন শিক্ষার্থী। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২৬ হাজার ৯০৯ জন শিক্ষার্থীর মধ্যে ৭ হাজার ৪৩০ জন শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৭ হাজার ২১৮ জন শিক্ষার্থীর মধ্যে ৪০ ভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯ হাজার ৩০১ জন শিক্ষার্থীর মধ্যে ২২ ভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১০ হাজার ৪১৭ শিক্ষার্থীর মধ্যে ৮১ ভাগ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১০ হাজার শিক্ষার্থীর মধ্যে ১৯ ভাগ শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১৯ ভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়ের ২৫ ভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ২৫ ভাগ, মাওলানা ভাসানী ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৫ ভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮৬ ভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৫৭ ভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৪৯ ভাগ শিক্ষার্থী আবাসিক সুবিধা পাচ্ছে।

দেশের বেসরকারি ৫১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ১১টি বিশ্ববিদ্যালয়ের আবাসিক সুবিধা থাকলেও তা সংখ্যায় নগণ্য। বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১ লাখ ৮২ হাজার ৬৪১ জন শিক্ষার্থীর মধ্যে আবাসিক সুবিধা পাচ্ছে মাত্র ২ হাজার ১৭৬ জন। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক ভবনের মতো হলগুলোও ভাড়া করা বাড়িতে চলছে। ফলে হল সুবিধা পেতে শিক্ষার্থীদের উচ্চ মূল্য দিতে হয়।